



হাসরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

একমাত্র সঠিক পথ হচ্ছে আল্লাহর পথ

আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।
আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।
আস-সালাতু ওয়া আস-সালামু 'আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।
মাদাদ ইয়া রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া মাশাইখিনা,
শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।
তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।

আরবী ভাষায় একটি প্রবাদ আছে:

مَنْ جَرَّبَ الْمَجْرَبَ عَقَلُهُ مُخَرَّبٌ

“মান জাররাবাল মুজাররাব, আক্লুহু মুখাররাব”। মানে, “কেউ যখন কোন কিছুতে ব্যর্থ হয় তখন যদি সে বলে, ‘আমি আবারও একই জিনিস করি’, সেই ব্যক্তির মাথায় মানসিক সমস্যা আছে।”

আদাম আলাইহি সালাম থেকে আমাদের পবিত্র নাবী (সাঃ) পর্যন্ত এবং অতঃপর সকল সাহাবা, উলামা, আউলিয়া এবং মাশায়খ, সবাই মানুষকে সঠিক পথ দেখিয়েছেন। তবুও মানুষ ভিন্ন পথ খোঁজে এই বলে, “হয়ত এই পথটি আরও উত্তম। এটিও করে দেখি”, কিন্তু তারা সবসময়ই ক্ষতির শিকার হয়।

সঠিক পথ একটি, সেটি আল্লাহর পথ। তারা সঠিক পথ খুঁজতে গিয়ে অন্যান্য জিনিসে নাক গলায় এবং বিনষ্ট হয়। কিছু হয়তবা কখনো বাঁচে। তুর্কী প্রবাদে বলা হয়ঃ “একটি দুর্যোগ এক হাজার উপদেশ থেকে ভালো”। তুমি কোন ব্যক্তিকে যত ইচ্ছা উপদেশ দিতে পারো এই বলে, “ওখানে যেয়ো না। গেলে তুমি পড়ে মাথা ফাটাবে। ওটা ভালো জায়গা নয়।” তবুও সে সেখানে যায়। সে তাদের পিছনে ছুটে এই বলে যে, “না, তারা ভালো বন্ধু। তারা আমার খুব ভালো বন্ধু, ভালো মানুষ। আমি তাদের সাথে যাবো এবং তারা যা করে তাই করব।”

খারাপ বন্ধুরা শয়তানের চেয়েও খারাপ। একটি দুর্যোগ আসে তার উপর আর তখন সে বলে, “আমি যদি এদের সাথে না থাকতাম আর উপদেশ শুনতাম তাহলে ভালো হত।” তুমি যত খুশী উপদেশ দিতে পারো, তুমি এক লক্ষ বার উপদেশ দিতে পারো, তাও কোন কাজে আসবে না। কিন্তু মানুষ দুঃখিত হয় যখন তার উপর কোন কিছু পতিত হয়। আফসোস অধিকাংশ সময়ই নিরর্থক হয়।

অতএব, মনোযোগ দাও। সাবধান হও। একজন মুসলিমের সতর্ক হতে হবে। মুসলিম মানুষদের সতর্ক হতে হবে যেন তারা উপদেশ শোনে, ভালো এবং খারাপের পার্থক্য করে এবং জানে কোন জিনিসটি ভালো এবং কোন জিনিসটি খারাপ।

www.fiakkani.org / www.fiakkaniyayinevi.com



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

মানুষের খারাপ জিনিস পুনরায় চেষ্টা করার দরকার নেই, একবার অভিজ্ঞতা করা জিনিস আবার অভিজ্ঞতা করার দরকার নেই। আল্লাহ্ (আযযা ওয়া জাল্লা) পরিষ্কারভাবে সবকিছু দেখিয়েছেন। আল্লাহ্ (আযযা ওয়া জাল্লা) নাবীদের পাঠিয়েছেন, শেইখদের পাঠিয়েছেন, উলামাদের পাঠিয়েছেন এবং হোজাদের পাঠিয়েছেন। তারা সব জায়গায়ই আছেন এবং সবাই সঠিক পথ দেখাচ্ছেন।

সঠিক পথ থেকে সরে যেও না। জীবন স্বাচ্ছন্দ্য কাটাও, সমস্যা নিজের উপর ডেকে না এনে। আল্লাহ্ যেন আমাদের সবাইকে ভালো উপদেশ নেয়ার তাওফিক দান করেন এবং ভালো লোকদের সাথে রাখেন ইনশাআল্লাহ। খারাপ বন্ধুরা সবচেয়ে খারাপ জিনিস। আল্লাহ্ তাদের থেকে নিরাপদ রাখুন আমাদেরকে, আমাদের সন্তানদেরকে এবং সবাইকে ইনশাআল্লাহ।

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক। আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
১৬ জানুয়ারী/১৮ রাবিউল আখির ১৪৩৮
ফাজার নামায, আকবাবা দারগাহ।